

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০৫.০০৩.১৫/ ১৫০

তারিখ: ০৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৫৭/২০২৩

বিষয়: Multifunctional Amphibious Dredger নামক পণ্যের H.S. কোড নির্ধারণ বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র: M/S. Sarker Kabir Ahamed এর ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখের আবেদন।

M/S. Sarker Kabir Ahamed নামক প্রতিষ্ঠান Multifunctional Amphibious Dredger নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	M/S. Sarker Kabir Ahamed.
আবেদনকারীর ঠিকানা	31, Bir Uttam K.M. Shafiullah Road, Dhaka-1205.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Multifunctional Amphibious Dredger
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Solid Form
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	Finland
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	8429.59.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিতব্য পণ্যের বিবরণ:

Multifunctional Amphibious Dredger নামক পণ্যটি Excavating, Dredging, Raking, Piling প্রভৃতি কাজ করতে সক্ষম। এটি Solid Form আকারে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারকের দাবি অনুসারে, পণ্যটির এইসএসকোড 8429.59.00। Explanatory Notes Seventh edition Version (2022) (EN) এর পাতা XVI-8429-1 এর বর্ণনা অনুসারে, Heading 8429 covers a number of earth digging, excavating or compacting machines which are explicitly cited in the heading and which have in common the fact that they are all self-propelled. The provisions of Explanatory Note to heading 84.30 relating to self-propelled and multi-function machines apply, mutatis mutandis, to the self-propelled machinery of this heading।

Explanatory Notes (EN) এর পাতা নং XVI-8430-(1-3) এর SELF-PROPELLED AND OTHER MOBILE MACHINES এর exceptions এ বলা হয়েছে (C) All machines (e.g dredgers) mounted on pontoons or other floating structures, whether or not self propelled, are classified in chapter 89।

Explanatory Notes (EN) এর পাতা নং XVI-8430-5 এ (V) EARTH EXCAVATING, SCRAPING OR LEVELLING MACHINERY অংশে উল্লেখ রয়েছে (B) Dredgers (bucket or

shovel type), similar to the multibucket excavators of heading 84.29। Floating dredgers are excluded (Heading 89.05)।

Explanatory Notes (EN) এর পাতা নং XVII-2 এ Section XVII এর General অংশে (II) SELF-PROPELLED OR OTHER MOBILE MACHINES এর বর্ণনা অনুসারে, Many machines or equipment (in particular of the type falling in Section XVI) can be mounted on the vehicle chassis or on the floating bases of Section XVII; the classification of the resultant mobile machine depends on various factors, in particular on the type of base. For example, all mobile machines, formed by mounting a machine on a floating base are classified in Chapter 89 (e.g., floating cranes, dredgers, grain elevators, etc.).

Heading 89.05 এ বর্ণিত আছে যে, (A) Light-vessels, fire-floats, dredgers, floating cranes, and other vessels the navigability of which is subsidiary to their main function এই হেডিং এর অন্তর্ভুক্ত হবে। These normally perform their main function in a stationary position. They include: light-vessels; drill- ships; fire-floats; dredgers of all kinds (e.g., grab or suction dredgers); সুতরাং GRI-1 অনুসারে কোন মেশিন হেডিং 8905 এ শ্রেণীকরণ করতে হলে এর দুটি বৈশিষ্ট্য থাকতে হবেঃ

- (১) be a vessel, such as a light-vessel, fire- float, dredger, floating crane, or other vessel, and
- (২) be the type of vessel for which navigability is subsidiary to its main function.

প্রস্তুতকারক প্রতিষ্ঠানের ওয়েবসাইটে Watermaster ব্র্যান্ডের Classic IV মডেলের Amphibious Multipurpose Dredger এর ক্যাটালগ পর্যালোচনা করে দেখা যায় এর কাজ হলো "dredging, excavating, piling, raking and more"। মেশিনটির অন্যতম ফিচার হলো "Unique mobility in water and on land"। ক্যাটালগ মোতাবেক পণ্যটির মূল বৈশিষ্ট্য হলো এটি একটি self-propelled suction dredging vessel এবং vessel টির navigation capability হলো এর secondary function। সার্বিক বিবেচনায় পণ্যটি 8905.10.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম), বিধিমালা, ২০১৬ এর বিধি ০৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হল।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংস্কৃত হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-০৩.০১২.২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস


কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০৫.০০৩.১৫/ ১৫০

তারিখ: ০৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/(দক্ষিণ)/(পূর্ব)/(পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৭। ব্যবস্থাপনা পরিচালক, M/S. Sarker Kabir Ahamed, 31, Bir Uttam K.M. Shafiullah Road, Dhaka-1205.



(তানভীর আহমেদ)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com